

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

17 SEPTEMBER 2026

7:45—7:55PM

১) মুখ্যমন্ত্রীর আঅনির্ভর আসাম অভিযানের প্রথম ও দ্বিতীয় পর্যায়ে রাজ্যের অন্যান্য জেলা সহ কাছড় , শ্রীভূমি এবং হাইলাকান্দি জেলায়ও এই অভিযানের অধীনে আর্থিক সহায়তার চেক বিতরণ ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে আজ দেশব্যাপী সেবা সমর্পন মাসের আয়োজন ।

৩) রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যর দুদিনের বরাক উপত্যকা সফর সূচির অংশ হিসেবে আজ কাছড় জেলায় নেশামুক্ত ভারত সংকল্প অনুষ্ঠানে অংশ গ্রহণ । আগামীকাল রাজ্যপালের শ্রীভূমি জেলা সফর।

এবং

৪) আসাম পুলিশের সীমান্ত শাখার অভিযানে ২৭ জন বাংলাদেশী নাগরিককে আটক ।

মুখ্যমন্ত্রী আঅনির্ভর আসাম অভিযানের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের অধীনে আজ হিতাধিকারীদের মধ্যে আর্থিক সহায়তা বিতরণ করা হয় । গৌহাটির জ্যোতি-বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই অভিযানের অধীনে মোট ৮২ হাজার ২শো ১৯ জন হিতাধিকারীর মধ্যে ২শো ৭৮ কোটির অধিক টাকার আর্থিক সহায়তা বিতরণ করেন । ডক্টর শর্মা যুব শক্তিকে আঅনির্ভর আসামের সবচেয়ে বৃহৎ শক্তি বলে উল্লেখ করে তাদের নিজেদের সহ অন্যদেরও স্বনির্ভর হওয়ার জন্য উৎসাহিত করার আহ্বান জানান । ডক্টর শর্মা বলেন যে ----- (বাইট)

কাছাড় জেলার ছটি বিধানসভা কেন্দ্রে আজ মুখ্যমন্ত্রীর আত্ম নির্ভর অসম অভিযানের প্রথম এবং দ্বিতীয় পর্বের আর্থিক সাহায্য বিতরণ কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে। জেলার লক্ষীপুর, উধারবন্দ, বড়খলা, কাটিগড়া, সোনাই এবং ধলাই বিধানসভা কেন্দ্রে আজ এক যোগে আর্থিক সাহায্য বিতরণ কার্যসূচী অনুষ্ঠিত হয়েছে। রাজ্যের খাদ্য ও গ্রাহক পরিক্রমা বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ লক্ষীপুর বিধানসভা কেন্দ্রের লাবক জগন্নাথ মন্দির দক্ষতা বিকাশ কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর আত্ম-নির্ভর আসাম অভিযানের আর্থিক সাহায্য বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্রে আজ আনুষ্ঠানিকভাবে মুখ্যমন্ত্রীর আত্ম নির্ভর অভিযানের প্রথম ও দ্বিতীয় পর্বের আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে। উত্তর করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের অনুষ্ঠান শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার ভবনে অনুষ্ঠিত হয়েছে। আজকের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার ভাষন সরাসরি সম্প্রচার করা হয়েছে।

হাইলাকান্ডিতে মুখ্যমন্ত্রীর আত্ম নির্ভর অভিযানের প্রথম ও দ্বিতীয় পর্বের আর্থিক অনুদান আজ স্থানীয় রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয়েছে। আজকের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর আত্ম-নির্ভর অভিযানের প্রথম পর্বের জন্য ৩০১ জন হিতাধিকারী এবং দ্বিতীয় পর্বের জন্য ১৪৩ জন হিতাধিকারীকে বাছাই করা হয়েছে। এ বিষয়ে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে বিধায়ক ডক্টর মিলন দাস জানান-----
বাইট

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন তথা গুজরাটের মুখ্যমন্ত্রী এবং প্রধানমন্ত্রী হিসেবে কার্যনির্বাহ করার ২৫ বছর পূর্তী উপলক্ষে আজ থেকে সেবা সমর্পন মাস পালন আরম্ভ হয়েছে। এই উপলক্ষ্যে দেশের বিভিন্ন প্রান্তে সেবা সংকল্প অভিযানের অধীনে নানা কার্যসূচী গ্রহণ করা হয়েছে। আজ থেকে আরম্ভ হওয়া এই অভিযানের প্রথম দিনটিকে সেবা দিবস হিসেবে পালন করা হয়েছে। এই দিবসের অংশ হিসেবে দেশব্যাপী আজ রক্তদান শিবিরের আয়োজন করা হয়। প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে রাষ্ট্রপতি শ্রীমতী মূর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং আসামের মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সহ বিভিন্ন রাজনৈতিক নেতা ও অন্যান্য বিশিষ্ট জনেরা তাকে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আসামবাসীর পক্ষে প্রধানমন্ত্রীকে জন্মদিনের শুভেচ্ছা জানিয়ে বলেছেন যে শ্রী মোদী ১৪০ কোটি

ভারতবাসীর আশা-আকাঙ্ক্ষাকে বাস্তবায়িত করে উন্নয়ন এবং আত্মনির্ভরশীলতার নতুন যুগের সূচনা করেছেন । আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের প্রতি তার দায়বদ্ধতা সর্বদা প্রেরণার এক অন্যতম উৎস বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং পবিত্র মার্ঘেরিটাও প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে শুভাচ্ছা জ্ঞাপন করেছেন ।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে এবং লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীও প্রধানমন্ত্রীকে তার জন্মদিন উপলক্ষে শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমযোগে উভয় নেতা পৃথক পৃথক বার্তায় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য এবং সুদীর্ঘ জীবন কামনা করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্ম দিন উপলক্ষ্যে আজ কাছাড় জেলার এক লক্ষ ১৫ হাজার নয়শ নয়টি প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের ঘরে সন্ধ্যা সাতটায় প্রদীপ প্রজ্বলন করা হয়েছে । এছাড়াও জেলার বিভিন্ন ঘরে আজ প্রদীপ প্রজ্বলন করে প্রধানমন্ত্রীকে জন্ম দিনের শুভেচ্ছা জানানো হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৬তম জন্ম দিন উপলক্ষ্যে আজ হাইলাকান্দি জেলার বিশেষভাবে সক্ষম এবং প্রবীন নাগরিকদের মধ্যে বিভিন্ন সহায়ক সামগ্রী বিতরন শিবির অনুষ্ঠিত হয়েছে । জেলা সমাজ কল্যান বিভাগের উদ্যোগে আয়োজিত আজকের অনুষ্ঠানে সাংসদ কৃপানাথ মালা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । শিবিরে প্রায় তিন হাজার পাঁচশ জন বিশেষভাবে সক্ষম এবং প্রবীন নাগরিকদের মধ্যে সহায়ক সামগ্রী বিতরন করা হয়েছে । এছাড়া আজকের অনুষ্ঠানে জেলা আয়ুক্ত জয় বিকাশ এবং বিধায়ক ডক্টর মিলন দাস উপস্থিত ছিলেন ।

এবিষয়ে সাংসদ শ্রীমালা আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন--

বাইট

আসামের রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য দুদিনের বরাক উপত্যকা সফরসূচী নিয়ে আজ কাছাড় জেলায় এসেছেন । সফরের শুরুতে রাজ্যপাল কাছাড় জেলার বিন্ধাকান্দি গ্রান্টের বাসিন্দা ১০৮ বছরের সুনীলা দাসের ঘরে উপস্থিত হয়ে তাঁকে প্রবীণ নাগরিক সম্মান প্রদান করেন । এরপর তিনি পয়লাপুলের নেহেরু কলেজে # নেশামুক্ত ভারত সংকল্প # অনুষ্ঠানে অংশ নেন । অনুষ্ঠানে রাজ্যপাল নেশার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি ও যুবক

যুবতীদের ড্রাগস থেকে মুক্ত করে রাখার বিষয়ে বার্তা প্রদান করেন । রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য বলেন যে কাছাড় জেলার প্রাকৃতিক সৌন্দর্য্য ও সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য । পরিবারকে সুরক্ষিত করে সমাজে সুস্থ পরিবেশ বজায় রাখা সকলের কর্তব্য বলে উল্লেখ করে তিনি যুবক যুবতীদের নেশার কবল থেকে দূরে রাখতে সকল শ্রেণীর লোকের এগিয়ে আসার এবং বিভিন্ন স্থানে নিয়মিত সচেতনতা অভিযান চালানোর আহ্বান জানান । -----বাইট-----

পরে রাজ্যপাল নেহেরু কলেজ প্রাঙ্গণ থেকে আয়োজিত এক সচেতনতা র্যালীর ফ্ল্যাগ অফ করেন । এছাড়া আজকের অনুষ্ঠানে নেশামুক্ত ভারত অভিযানে সক্রিয়ভাবে কাজ করা বেশ কয়েকটি সংস্থাকে সম্মান জানানো হয় এবং দেশের সুরক্ষা অভিযানে অংশগ্রহণ করা প্রাক্তন সেনা কর্মীদের সম্মান জানানো হয় ।

এদিকে দুদিনের সফরে আসা রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য আজ শিলচর আবর্ত ভবনে রাত কাটিয়ে # নেশামুক্ত ও ড্রাগস মুক্ত অভিযানে # অংশ নিতে আগামীকাল শ্রীভূমি যাবেন । কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের ধ্বজাবাহী প্রকল্প- নেশামুক্ত ভারত অভিযানের আওতায় নেশামুক্ত ও ড্রাগস মুক্ত ভারত গড়ে তুলতে রাজ্য সরকারের উদ্যোগে সমগ্র আসামে আজ থেকে আগামী দোসরা অক্টোবর পর্যন্ত চালানো সচেতনতা অভিযানে অংশ নিতে রাজ্যপাল শ্রীভূমি আসছেন । রাজ্যপালের শ্রীভূমি সফরের কার্যসূচি সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করতে ইতিমধ্যে শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ে সভাকক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সভায় রাজ্যপালের সফরসূচি সুষ্ঠু ও নির্বিঘ্নে আয়োজন করার জন্য যাবতীয় বিষয় নিয়ে আলোচনা করা হয় । সে অনুযায়ী আগামীকাল সকাল সাড়ে দশটায় রাজ্যপাল শ্রীভূমি শহরের জেলা গ্রন্থাগার ভবনে পৌঁছে গাছের চারা রোপণ করবেন । এরপর রাজ্যপালকে সংবর্ধনা জ্ঞাপন করা হবে । এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে সকাল ১১ টায় ১০ মিনিটে নেশা মুক্ত ভারত অভিযানের ওপর সমবেত শপথ গ্রহণ অনুষ্ঠান ,জেলা গ্রন্থাগার ভবন প্রাঙ্গণ থেকে পদযাত্রা ইত্যাদি ।

আসাম পুলিশের সীমান্ত শাখা অভিযান চালিয়ে ২৭ জন বাংলাদেশী নাগরিককে আটক করেছে । সীমান্ত পুলিশ গৌহাটির পল্টন বাজার থেকে ১২ জন এবং রেল পুলিশের সহযোগিতায় বঙ্গাইগাও থেকে ১৫ জন বাংলাদেশী নাগরিককে আটক করা হয়েছে । এ সম্পর্কে আজ এক সাংবাদিক সম্মেলনে আসাম পুলিশের সীমান্ত শাখার উপ - পুলিশ

সুপার কুলেন্দ্র প্রসাদ ডেকা বলেন যে মেঘালয়ের ডাউকি থেকে বাংলাদেশী লোকের একটি দল গৌহাটি আসার তথ্য লাভ করার পর পুলিশ অভিযান চালিয়ে পল্টন বাজারের আসাম রাজ্য পরিবহণ নিগম কমপ্লেক্স থেকে এই ১২ জন বাংলাদেশী নাগরিককে আটক করা হয়। এই দলটির আরো ১৫ জন জম্মু - তাওয়াই এক্সপ্রেস ট্রেনে যাত্রা করেছে বলে তথ্য লাভ করার পর রেলওয়ে নিরাপত্তা বাহিনীর সহযোগিতায় তাদের ওই ট্রেন থেকে গ্রেপ্তার করা হয়। আটক করা এই দলে ১১ জন মহিলা এবং ১৬ জন পুরুষ রয়েছেন বলে শ্রী ডেকা জানিয়েছেন।

শিলচর পৌর নিগম নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আজ থেকে কাছাড় কলেজে প্রথম পর্যায়ের প্রশিক্ষণ শুরু হয়েছে।

আজ মোট ৮টি কক্ষে মোট এক হাজার পাঁচশ ৮০ জন ভোট কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এবারের নির্বাচনে ৪২টি ওয়ার্ডের জন্য ৩১৬টি ভোট কেন্দ্র গঠন করা হবে এবং প্রতিটি ভোট গ্রহন কেন্দ্রে চারজন করে ভোট কর্মী থাকবে। প্রশিক্ষণ কর্মসূচীতে ভোটদান পদ্ধতি, ভোট গ্রহন কর্মীর দায়িত্ব, বুথ পরিচালনা এবং ভোট গ্রহনের সাথে জড়িত বিভিন্ন প্রক্রিয়ার বিষয়ে তথ্য প্রদান করা হয়েছে।

আগামীকাল দেবশিল্পী শ্রী শ্রী বিশ্বকর্মা পূজো। প্রতি বছরের মতো এবারও বিভিন্ন কল কারখানা, কার্যালয়, ব্যবসায়িক ও কারিগরী প্রতিষ্ঠান ইত্যাদিতে কারিগরী বিদ্যার অধিষ্ঠাতা বিশ্বকর্মার আরাধনা করা হবে। এ উপলক্ষ্যে আজ প্রস্তুতি চলছে। আকাশবাণী শিলচর কেন্দ্রেও আগামীকাল বিশ্বকর্মা পূজো অনুষ্ঠিত হবে।
